

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা জজের কার্যালয়, নীলফামারী।

## নিয়োগ বিজ্ঞপ্তি

নীলফামারী জেলা জজ আদালতের নিম্নবর্ণিত সহায়ক কর্মচারীর শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উক্ত পদসমূহের বিপরীতে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	০২	৯,৩০০-২২,৪৯০/-	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী হতে হবে। তবে, কম্পিউটার চালোনায় পারদর্শী হতে হবে।
০২	জারীকারক	০৩	৮,৫০০-২০,৫৭০/-	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী হতে হবে।
০৩	অফিস সহায়ক (এম.এল.এস.এস)	০৪	৮,২৫০-২০,০১০/-	অষ্টম শ্রেণী পাশ।
০৪	নৈশ প্রহরী	০১	৮,২৫০-২০,০১০/-	অষ্টম শ্রেণী পাশ।

### শর্তাবলী

- উল্লিখিত শূন্য পদসমূহে নিয়োগের ক্ষেত্রে আত্মহী প্রার্থীগণকে মাননীয় জেলা জজ, নীলফামারী বরাবর লিখিত আবেদন করতে হবে।
- লিখিত আবেদনপত্রে প্রার্থীর (ক) নিজের নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) আগামী ইং ৩০/০৬/২০২২ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) নিজ জেলা (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) কোটা (ড) ব্যাংক ড্রাফট নং ও তারিখ, এবং (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক আগামী ১৪/০৭/২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর বরাবর অফিস চলাকালীন সময় ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে।
- আগামী ইং ৩০/০৬/২০২২ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য (এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে)। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট প্রয়োজ্য হবে না।
- চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ-
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
  - কেবলমাত্র অষ্টম শ্রেণী পাশের ক্ষেত্রে শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্রের (জেএসসি পাশের) সত্যায়িত ফটোকপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র।
  - জাতীয় পরিচয়পত্র(National ID Card) এর সত্যায়িত অনুলিপি।
- খামের উপরে পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে স্পষ্টাক্ষরে আবেদনকারীর নিজস্ব পোস্টাল ঠিকানা (৯" x ৪" ইঞ্চি ফেরত খাম) খামের উপর লিপিবদ্ধ করে প্রয়োজনীয় ডাক টিকেট সংযুক্ত করতে হবে।
- প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে জেলা জজ, নীলফামারী এর অনুকূলে সোনালী ব্যাংক এর মাধ্যমে ১০০/- (একশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
- চূড়ান্ত নির্বাচনী (মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও অফিস সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- উপযুক্ত কর্তৃপক্ষ/সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।
- কর্তৃপক্ষ যে কোন পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
- নীলফামারী জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় পরীক্ষার্থীদের ব্যবহার্য কলম সঙ্গে আনতে হবে। তবে, কোন প্রকার মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি প্রভৃতি সঙ্গে রাখা যাবে না।
- লিখিত, মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে গণ্য হবে।

Ayeshu Siddika

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

অতিরিক্ত জেলা ও দায়রা জজ

নীলফামারী।

স-১৭০৬ (১০x৩)